



হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬

ফ্যাক্স: ৯০৩৫০৫৭

[www.hbri.gov.bd](http://www.hbri.gov.bd)



### প্রেস রিলিজ

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট- দেশের গৃহায়ন ও নির্মাণ বিষয়ক জাতীয় গবেষণা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানের গবেষণা কার্যক্রমসমূহের বর্তমান অগ্রগতি পরিদর্শনের লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এবং একাদশ জাতীয় সংসদের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন, এম.পি এবং স্থায়ী কমিটির সম্মানিত সদস্য জনাব নারায়ণ চন্দ্র চন্দ, এম.পি ০১ অক্টোবর ২০২০ তারিখ সকাল ১১.০০ টায় হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটে আগমন করেন। উক্ত পরিদর্শনকালে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়সহ সম্মানিত অতিথিবৃন্দ প্রতিষ্ঠানের কনক্রিট ব্লক তৈরীর প্রক্রিয়াসমূহ পরিদর্শন করেন। অতিথিগণ প্রতিষ্ঠানে নির্মাণাধীন অটোক্রেভ এরিয়েটেড কনক্রিট প্লান্ট এর নির্মাণ কাজ সমূহ প্রত্যক্ষ করেন এবং এই প্লান্টের বিভিন্ন কারিগরী বিষয়াদী সম্পর্কে অবগত হন। পরিদর্শন এর প্রাক্কালে প্রতিষ্ঠানের মহাপরিচালক মহোদয় সভাকক্ষে ভিডিও ডকুমেন্টারীর মাধ্যমে বর্তমান বিশ্বের পরিবেশ বান্ধব বিভিন্ন নির্মাণ উপকরণ বিশেষ করে অটোক্রেভ এরিয়েটেড কনক্রিট (AAC) বিষয়ক বিস্তারিত অবগত করেন। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় এবং একাদশ জাতীয় সংসদের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানিত সদস্য মহোদয় নতুন এসব প্রযুক্তি বাংলাদেশে প্রয়োগের বিষয়ে ব্যাপক আগ্রহ প্রকাশ করেন। পরে সম্মানিত অতিথিগণ প্রতিষ্ঠান এলাকা ঘুরে দেখেন এবং বিগত সময়ের তুলনায় বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের প্রশংসা করেন। স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি প্রতিষ্ঠানের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন।

(মোহাম্মদ শামীম আখতার)

মহাপরিচালক

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬।